100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

Admissible under rule 21 duly stamped exempt from does not require stamp duty under the Stamp Act 1899

Schedule 1A. No 23 Fee paid Rs.

Deficit fee Rs. 4.50 99.80

Addl. District Sub-Registrar
Sonarpur, 24-Parganas
19.2.86.

১০,০০০.০০ দশ হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা ।।

কোবালা গ্রহীতা :-

শ্রী বিমল চন্দ্র মন্ডল, পিতা শ্রী বিদ্যাধর মন্ডল । জাতি - হিন্দু, পেশা - ব্যবসা । সাং গড়িয়া - ষ্টেশন রোড্ (কয়ালপাড়া) কালিতলা, থানা - - সোনারপুর, জিলা ২৪ পরগনা ।।

কোবালা দাতা :-

শ্রী মন্মথ রায়, পিতা স্বর্গীয় দেবেন্দ্র গতি রায় । জাতি - হিন্দু, পেশা নাট্যকার । সাং - ২২৯-সি - বিবেকানন্দ রোড্, থানা - মানিকতলা, কলিকাতা -৬

Sale 23
10,000
A 99.80

1003(7)

Ratna Mondal
Advocate
1001
7/2/86

Rs. 100 x 4 = 400/-
75/-
40/-
1/-
516/-

(SEAL: ADDL. DISTRICT SUB-REGISTRAR, SONARPORE 24 PGS)

Presented for registration at 7-00 P.M.
on the 19th day of Feb. 1986
at the ~~Sonarpur Sub Registry Office~~ Private residence at 229/C, Bibekananda Rd. Cal-6
by Manmatha Ray
Claimant / Executant

Addl. District Sub-Registrar
Sonarpur, 24-Parganas
19/2/86

Manmatha Ray
son / wife of ... Debendra Nath
229-C Bibekananda Road
Cal 6 district
Sonarpur 24 Parganas. By caste Hindu / Muslim
by profession Actor

Chandan Kumar
Manmatha Ray
son / wife of ...
... of above mentioned
district
Sonarpur 24 Parganas. by caste Hindu / Muslim
by profession Service

T.I. dispensed with
A.D.S.R.
19.2.86

Addl. District Sub-Registrar
Sonarpur, 24-Parganas
19/2/86

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



কস্য রিভিসন্যাল বা হাল জরিপের ৪ নং বিধিমতে রায়ত দখলি - স্বত্বীয় ৩ কাঠা শালি জমি জমা মায় সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি - সম্পূর্ন নির্দ্দায় নির্দ্দোষ খাষ দখল থাকাবস্থায় সাফ্ বিক্রয় কোবালা পত্রমিদং - কার্য্যাঞ্চাগে :-

জেলা - ২৪ পরগনা, থানা সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর- পরগনা মেদনমল্ল রেভিনিউ সার্ভে নং ৭ , তৌজি নং ১০৯ , জে:এল: নং - ৪৭ , মৌজা বারহাঁসফরতাবাদ গ্রামে জেলা ও হাল জরিপের ১০৭ নংখতিয়ানে - লিখিত ৮৭০ নং দাগে ১০ শতক শালি জমি জমা সহ অন্যান্য দাগের জমি জমা - মহামায়াপুর নিবাসী নেপাল চন্দ্র আচার্য্য দিগর স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে । উক্ত নেপাল চন্দ্র আচার্য্য দিগর মালিক জমিদারের খাজনাদি বাকী পড়ায় জমিদার বন্দেল নিবাসী শ্রীধর চন্দ্র রায়, বিজয়কৃষ্ণ রায় মহাশয়দ্বয় বারুইপুর দ্বিতীয় - মুনসেফ আদালতে বাকী করের নালিশ করত: উপরোক্ত নেপাল চন্দ্র আচার্য্য - - দিগরের বিরুদ্ধে ১৯৩৬ সালে ৪৩৫ নং এক বাকী খাজনা আদায়ের মোকর্দ্দমা

1003(7)

R. N. Mondal
Adv

1501

7/2/86

THE SEAL OF THE ADDL. DISTRICT SUB REGISTRAR SONARPORE 24 PGS

Addl District Sub-Registrar
Sonarpur, 24-Parganas
4/2/86

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



রুজু করেন এবং উক্ত মোকর্দ্দমা উপরোক্ত মালিক জমিদারদ্বয়ের অনুকূলে ডিক্রি হইলে ১৯৩৭ খৃষ্টাব্দের ২৫০৪ নং খাজনা জারি মোকর্দ্দমা নীলামে উঠিলে জনৈক শ্রী হরমোহন রায় মন্ডল উক্ত নীলামে সর্ব্বোচ্চ্য পনে নিজ অর্থে ও স্বার্থে নীলাম খরিদা অবধারিক হইয়া উক্ত সম্পত্তি উক্ত আদালত হইতে বিগত ৫।৬।১৯৩৭ তারিখে বহাল হইয়া তৎপর উক্ত আদালতস্থিত ২৬।৮।১৯৩৭ তারিখে বয়নামা প্রাপ্ত হইয়া বিগত ২১।৯।১৯৩৭ তারিখে খাস দখল প্রাপ্ত হইয়া উক্ত সম্পত্তিতে একক নিব্যূঢ় সুত্বে সুত্ববান ও ভোগ দখলিকার হয়েন ।

অত:পর উক্ত হরমোহন রায় মন্ডল মহাশয় বারহাঁসফরতাবাদ মৌজায় জেলা ও হাল রিভিসন্যাল জরিপের ২৯২ নং খতিয়ানে লিখিত $\frac{৮৭০}{১৭৬৩}$ নং দাগের .০৫ শতক শালি জমি জমা সহ অন্যান্য দাগের জমি জমা প্যারী মোহন আচার্য্য মহাশয়ের পুত্র পাঁচুগোপাল আচার্য্য মহাশয়ের নিকটহইতে বিগত ইং ১৮।১০।১৯৪৬ তারিখে আলিপুর ডি: রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৩১৩৬

1003(7)

R.N. Mondal
Adv
7/2/86

THE SEAL OF THE ADDL DISTRICT SUB REGISTRAR
SONARPUR 24 PGS

Addl District Sub-Registrar
Sonarpur, 24-Parganas
4/2/86






এককেতা এওয়াজ দলিল প্রাপ্ত হইয়া একক নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলিকার হয়েন । অতঃপর অত্র সাফ্ বিক্রয় কোবালা দাতা আমি বিগত ইং - - ১৮।১০।১৯৪৬ তারিখে আলিপুরডিঃ রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত এককেতা - সাফ্ বিক্রয় কোবালা মূলে উপরোক্ত ১০৭ নং খতিয়ানে লিখিত ৮৭০ নং দাগে ১০ শতক কৃষি শালি ও অন্যান্য দাগের জমি জমা এবং ২১২ নং খতিয়ানে - লিখিত $\frac{৮৭০}{১৭৬০}$ নং দাগের .০৫ শতক কৃষি শালি জমি জমা সহ অন্যান্য - দাগের জমি জমা উপরোক্ত হরমোহন রায় মন্ডল মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া খাসে ভোগ দখল করিতে থাকি । অতঃপর বিগত রিভিসন্যাল - বা হাল সেটেলমেন্ট জরিপে ১০৭ নং খতিয়ানে লিখিত ৮৭০ নং দাগের - ১০ শতক কৃষি শালি, জমি ও অন্যান্য দাগের জমি জমা ও ২১২ নং খতিয়ানের লিখিত ৮৭০।১৭৬০ নং দাগে ৫ শতক কৃষি শালি জমি জমা সহ অন্যান্য দাগের জমি জমা আমার স্বত্ব দখলিয় সম্পত্তি রূপে চূড়ান্ত রেকর্ড হইয়াছে । উক্ত - সাফ্ বিক্রয় কোবালা ঐ অফিসের ১ নং বহির ১৫ নং ভল্যুমের ৬৫ নং হইতে ৬৭ নং পাতায় ৩১৩৭ নং কোবালা রূপেলিপিবদ্ধ আছে ।

1003(7)

R.N. Mondal

Adv

7/2/86

THE SEAL OF THE ADDL DISTRICT SUB REGISTRAR

SONARPORE 24 PGS

Addl District Sub-Registrar

Sonarpur, 24-Parganas

75 Rs.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

७५रु. 75 Rs.

SEVENTY FIVE RUPEES

(৫)

বর্ত্তমানে নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজনে উপরোক্ত ১০৭ - নং খতিয়ানে লিখিত ৮৭০ নং দাগে ১০ শতক শালি জমির মধ্যে ২ কাঠা - ৫ ছটাক এবং ২৯২ নং খতিয়ানে লিখিত ৮৭০।১৭৬০ নং দাগে শালি ৫ শতক ম মধ্যে ১১ ছটাক মোট ৩ তিন কাঠা জমি অত্র সাফ্ বিক্রয় কোবালায় গ্রথিত - নকসায় লাল রেখার দ্বারা চিহ্নিত ও বেষ্টিত সর্ব্ববিধ ইজমেন্ট সুত্বাদি - সহ বেলমোক্তা ১০,০০০.০০ দশ হাজার টাকা মূল্যে আপনাকে সাফ্ বিক্রয় করিব স্থিতরে অদ্য নিম্ন জায়মত উক্ত ধার্য্য পনের সমুদয় টাকা - বুঝিয়া - পাইয়া উপরোক্ত ও নিম্ন তপশীল বিশেষ ভাবে বর্নিত ও অত্র দলিল সংলগ্ন - নকসায় লাল রেখার দ্বারা বেষ্টিত ও চিহ্নিত ৩ কাঠা জমি জমায় আওলাতাদি ও তৎসংলগ্ন পূর্ব্ব দিকের রাস্তার সর্ব্ববিধ ইজমেন্ট সুত্বাদি দরবস্ত হক্ হকুক নির্দ্দায় নির্দ্দোষ ও খাষ দখল অবস্থায় অত্র কোবালা মূলে আপনাকে সাফ্ বিক্রয় করিলাম এবং বিক্রীত ভূমির সীমানাদি আপনাকে বুঝাইয়া দিয়া ও উহার সুত্ব - দখল আপনার অনুকুলে ত্যাগ করত: ঐ বিক্রীত ভূম্যাদি হইতে আমি আমার - ওয়ারিশ ও স্থলাভিষিক্ত গনক্রমে অদ্য হইতে চিরতরে নি:সুত্ব ও দখলচ্যুত - হইলাম এবং আপনার নাম বরাবর অত্র সাফ্ বিক্রয় কোবালা দলিল সহি - সম্পাদন করত: স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, উক্ত -

1003(7)

Addl. District Sub-Registrar
Sonarpur, 24-Parganas

5/2/80

40 Rs.






ও নিম্ন তপশীল বর্নিত বিক্রীত ভূমিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব -
লভ্য, অধিকার হক্ হকিয়াতাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে -
সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ খাস অবস্থায় আপনাতে বর্ত্তিল ।

আপনি অদ্য হইতে নিম্ন তপশীল বর্নিত বিক্রীত ভূমিতে আমার যাবতীয় -
যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও দখলে কায়েম দখলিকার হইলেন এবং সরকার - -
সেরেস্তায় আপনার নাম পত্তন করতঃ করাদি আদায়ে নিজ নামে দাখিলাদি -
গ্রহনে দান, বিক্রয়াদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও পাকা পোক্ত ইমারতাদি প্রস্তুতের
দ্বারা রূপান্তর আদি করিবার ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও - -
স্থলাভিষিক্ত গনক্রমে নির্ব্বিবাদে নিব্যূঢ় স্বত্বে পরম সুখে ভোগ দখল করিতে -
থাকুন । তাহাতে আমার কোন ওয়ারিশান অথবা স্থলাভিষিক্ত গনক্রমে - -
নির্ব্বিবাদে নিব্যূঢ় স্বত্বে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন । তাহাতে -
আমি কোনরূপ দাবি, দাওয়া বা ওজর আপত্তি করিব না করিলে ও তাহা সর্ব্বদা -
বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে ।

1003(7)

R. N. Mondal
A-dw.
40/-
7/2/86

THE SEAL OF THE ADDL DISTRICT SUB REGISTRAR
NARPORE 24 PGS

Addl District Sub-Registrar
Sonarpur, 24-Parganas
8/2/86






অত্র সাফ্ বিক্রয় কোবালায় গ্রথিত নকসায় প্রদর্শিত পূর্ব্ব দিক দিয়া যে রাস্তা - আছে ঐ রাস্তার সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্ব আপনার মায় আপনার ওয়ারিশান ও - স্থলাভিষিক্ত গনক্রমে ভোগ দখল করিবেন ঐ পথ দিয়া চলাচল, মাল আনা - নেওয়া যান বাহন ব্যবহার তলদেশ দিয়া জল নিকাশের ব্যবস্থা করিতে এবং ইলেকট্রিক আদি সংযোগ লইতে পারিবেন ।

প্রকাশ থাকে বিক্রীত ভূমি আমি ইতিপূর্ব্বে কাহাকে ও কোন - প্রকার হস্তান্তর করি নাই বা ঐরূপ করিব বলিয়া কাহার ও সহিত কোন চুক্তি করি নাই বা উহা কাহার ও দেনার জমিনের খোর পোষের বা অন্য কোন প্রকারে আবদ্ধ বা দায় সংযোগ নাই , উক্ত ভূমি সম্পর্কে কোন আদালতে কোন মামলা - মোকর্দ্দমা দায়ের নাই বা কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ নাই , উহা দেবোত্তর বা ট্রাষ্টভুক্ত ভূমি নহে , উহা সরকার কর্ত্তৃক অধিকৃত হয় নাই বা ঐরূপ হইবে বলিয়া আমি কোন নোটিশ পাই নাই । উহা সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ খাষ অবস্থায় আপনাকে সার্ফ বিক্রয় করিলাম । যদ্যপী বিক্রীত ভূমির স্বত্বের হীনতা - জন্মে বা উহাতে আপনার খাষ দখলের বিঘ্ন ঘটে বা তাহা হইলে মাফিক আইন - মোতাবেক আপনাকে অথবা স্থলাভিষিক্ত গনক্রমে ক্ষতিপূরন দিতে বাধ্য থাকিলাম ।

1003(7)
R.N. Mondal
Adv
11—
7/2/86

THE SEAL OF THE ADDL DISTRICT SUB REGISTRAR
SONARPORE 24 PGS

Addl District Sub-Registrar
Sonarpur, 24-Parganas
4/2/86

বিক্রীত ভূমির পুরাতন কাগজ পত্রাদি আমার নিকট থাকিল। আপনার - আবশ্যক মতে কোন দলিল আদালতে দর্শাইব বা ইনসপেকসান দিতে বাধ্য - থাকিব।

অত্র দলিলের কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে আবশ্যকীয় - সংশোধনী দলিল বিনা পনে আপনার খরচে রেজিষ্ট্রী করিয়া দিব।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে - অত্র সাফ্ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর সহি সম্পাদন ও - - রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ সন ১৩৯২ সালের - ৭ই ফাল্গুন ইংরাজী ১৯৮৬ সালের - ২০শে ফেব্রুয়ারি —

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়।
***************************

(ক) জেলা - ২৪ পরগনা, থানা সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর পরগনা মেদনমল্ল রেভিনিউ সার্ভে নং ৭, তৌজি নং ১০১, জে:এল: নং ৪৭ মৌজা বারহাঁস ফরতাবাদ গ্রামে রিভিসন্যাল বা হাল জরিপের চারি নং বিধিমতে - রায়ত দখলি স্বত্ব জেলা ও হাল জরিপের ১০৭ এক শত সাত নং খতিয়ানে লিখিত .১৫ শতক জমির ৪.৮০ পয়সা করের জমি জমা মধ্যে জেলা ও হাল জরিপের ৮৭০আট শত সত্তর নং দাগে ১০ শতক কৃষি শালি জমি জমা মধ্যে ২ কাঠা - ৫ ছটাক জমির বার্ষিক হারাহারি খাজনা .৩৬ পয়সা পশ্চিমবঙ্গ সরকার সেরেস্তায় দেয়।

(খ) জেলা - ২৪ পরগনা, থানা সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস - সোনারপুর, পরগনা মেদনমল্ল রেভিনিউ সার্ভে নং ৭, তৌজি নং ১০১, জে:এল: নং ৪৭, মৌজা বারহাঁসফরতাবাদ গ্রামে রিভিসন্যাল বা হাল জরিপের চারি নং বিধিমতে রায়ত দখলী স্বত্বীয় জেলা ও হাল জরিপের ২৯২ দুই শত - বিরানব্বুই নং খতিয়ানের একজমায় ৩৪ শতক জমির কাত বার্ষিক ১৬০ পয়সা জমা মধ্যে বিক্রীত হাল রিভিসন্যাল জরিপের লিখিত $\frac{৮৭০}{১৭৬৩}$ আট শত সত্তর সতের শত তেষট্টি নং দাগের -

THE SEAL OF THE ADDL. DISTRICT SUB REGISTRAR
SONARPORE 24 PGS.

Addl. District Sub-Registrar
Sonarpur, 24-Parganas

19/12/86

.০৫ শতক কৃষি জমি জমা মধ্যে ১১ এগার ছটাক, ইহার বার্ষিক হারাহারি খাজনা ১০ পয়সা মোট দুইটি দাগে ৩ তিন কাঠা জমি জমা সত্ত্ব সাফ্‌ - বিক্রয় কোবালায় গ্রথিত নকসায় লাল রেখার দ্বারা বেষ্টিত ও চিহ্নিত - বিক্রীত ভূমি হইতেছে।

উক্ত দুইটি জমার বিক্রীত ভূমির হারাহারি মোট বার্ষিক খাজনা ৪৬ পয়সা - পশ্চিমবঙ্গ সরকার সেরেস্তায় দেয়। বিক্রীত জমিতে বর্তমানে কৃষিকার্য্য হইতেছে।

বিক্রীত ভূমির চৌহদ্দি :-

উত্তরে :- ৮৭০ নং দাগের জমির অংশ।

দক্ষিনে :- ৮৭০।১৭৬০ নং দাগের জমি।

পূর্ব্বে :- রাস্তা।

পশ্চিমে :- ৮৬৯ নং দাগের জমি।

টাকার জায় ॥

স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া শাখা সারিয়া ড্রাফট নং ৩.৩৩/৭ 25 ০১৪১১১ তাং ৩১।২।৮৬
মূল্যে = ১০০০০.০০ টাকা
দস্ত-হস্তগত-টাকা বুঝিয়া পাইলাম
[signature]

মুসাবিদাকারক :-

R. N. Mandal (Advocate High Court)
১৩/২/৮৬

ইসাদি :-

[signature]
২২১ সি [illegible] রোড

টাইপকারক :-
[signature]
সোনারপুর - ২৪ পরগনা ॥

[signature]
১০৪, নেতাজী সুভাষচন্দ্র রোড, কলিকাতা ৪৭

Book No. ..........

Volume No. 481 12 488

Page No. 9~~28~~ 930

Being No. 86

for the year ..........

THE SEAL OF THE ADDL. DISTRICT SUB REGISTRAR
SONARPORE 24 PGS

Addl. District Sub-Registrar
Sonarpur, 24-Parganas

19/12/86

THE SEAL OF THE ADDL. DISTRICT SUB REGISTRAR
SONARPORE 24 PGS

Addl. District Sub-Registrar
Sonarpur, 24-Parganas

29.4.87